

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ চলাচল, সফর [ভ্রমন] রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

৯৫. বাহনে আরোহণের দো'আ

(বিস্মিল্লা-হি, আলহাম্দু লিল্লা-হি, সুব্হা-নাল্লাযী সাখখারা লানা হা-যা ওয়ামা কুনা লাহু মুকরিনীন। ওয়া ইন্না ইলা রবিবনা লামুনকালিবূন, আলহামদুলিল্লা-হ, আলহানহ আকবার, আল্লা-হু আকবার, সুবহা-নাকাল্লা-হুম্মা ইন্নী যালামতু নাফসী ফাগফির লী। ফাইন্নাহু লা ইয়াগফিরুযুন্বা ইল্লা আনতা)।

২০৬- "আল্লাহ্র নামে; আর সকল প্রশংসা আল্লাহ্র জন্য। পবিত্র মহান সেই সন্তা, যিনি একে আমাদের জন্য বশীভূত করে দিয়েছেন, অন্যথায় আমরা একে বশীভূত করতে সক্ষম ছিলাম না। আর আমরা অবশ্যই প্রত্যাবর্তন করবো আমাদের রব্বের দিকে। সকল প্রশংসা আল্লাহ্র জন্য, সকল প্রশংসা আল্লাহ্র জন্য, সকল প্রশংসা আল্লাহ্র জন্য। আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়। হে আল্লাহ! আপনি পবিত্র-মহান; আমি আমার নিজের উপর যুলুম করেছি, সুতরাং আপনি আমাকে মাফ করে দিন। কেননা, আপনি ছাড়া গুনাহ মাফ করার আর কেউ নেই।"[1]

ফুটনোট

[1] আবু দাউদ ৩/৩৪, ২৬০২; তিরমিয়ী ৫/৫০১, নং ৩৪৪৬। আরও দেখুন, সহীহুত তিরমিয়ী ৩/১৫৬। আর আয়াত দু'টি হচ্ছে, সুরা আয-যুখরুফের ১৩-১৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1015

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন